

= ০০ =

ঢাকা ওয়াসা


- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (২) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় Laboratory items ক্রয় করার নিমিত্তে তৈরিকৃত Specification.
- (৩) দর সংগ্রহের জন্য স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং-৪৬.১১৩.৬৩৭.০০.০০.১২০.২০২৫-৭৩৮; তারিখঃ ০৯/০৪/২০২৫ইং।
- (৪) AG Nano Technology হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ১৬/০৪/২০২৫ইং।
- (৫) Hi-Tech Industrial Technologies Ltd. হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ১৬/০৪/২০২৫ইং।
- (৬) M/S. NASA TRADING হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ১৮/০৪/২০২৫ইং।
- (৭) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরিকৃত তুলনামূলক বিবরণী।
- (৮) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ “Procurement of laboratory items for Dasherkanadi STP” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং -১ হতে ৮ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩ইং তারিখ হতে ঢাকা ওয়াসা ঢাকা ওয়াসার তত্ত্বাবধানে পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্বলিত পয়ঃশোধনাগার। পয়ঃশোধনাগারটি আগত পয়ঃ বর্জ্য শোধন করে Effluent গজারিয়া খালে Discharge করা হয়, যা পর্যায়ক্রমে বালু নদী হয়ে শীতলক্ষ্যা পতিত হয়। বর্তমানে সংশ্লিষ্ট নদীর পানি দূষণ বহুলাংশে কমে গিয়েছে। দাশেরকান্দি পয়ঃশোধনাগারে আগত Effluent এর বিভিন্ন Parameter যেমন- COD, BOD, NH3-N, PH, SS, Fecal coliform, Total Nitrogen, SV30, SVI, MLSS & MLVSS ইত্যাদি শোধনাগারের অভ্যন্তরে বিদ্যমান Laboratory-তে নিয়মিত পরীক্ষা করা হয়। উক্ত পরীক্ষার কাজে বিভিন্ন ধরনের Machineries সহ reagent ব্যবহার করা হয়। বর্তমানে বিভিন্ন ধরনের যন্ত্রপাতি ক্রয় করা প্রয়োজন। সে লক্ষ্যে বিভিন্ন ধরনের Laboratory machineries, laboratory apparatus & laboratory accessories সমূহের একটি স্পেসিফিকেশন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ২দ্রঃ)। Specification অনুযায়ী মালামাল ক্রয়ের লক্ষ্যে ৩টি সরবরাহকারী প্রতিষ্ঠান হতে পত্র মারফত একক দর সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং- ৩, ৪, ৫ ও ৬ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের ভিত্তিতে একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৭ দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে সর্বনিম্ন দরের আলোকে আলোচ্য পয়ঃশোধনাগারের জন্য উল্লেখিত মালামাল ক্রয়ের লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সর্বমোট প্রাক্কলিত মূল্য ২৪,৯৫,৯৭৫.০০ (চব্বিশ লক্ষ পঁচানব্বই হাজার নয়শত পঁচাত্তর) টাকা মাত্র (ক্রমিক নং- ৮দ্রঃ)। উল্লেখ্য, আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রাপ্ত রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) (01-04-011) খাত হতে এবং অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১১৮ হতে নির্বাহ করা হবে। আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০৩। আলোচ্য “Procurement of laboratory items for Dasherkanadi STP” কাজটি CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PG2 অনুসরণে e-GP তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) এ দরপত্র আহবানের মাধ্যমে সম্পূর্ণ করা হবে। দরপত্র দলিলের e-TDS অংশের ITT1.1 এ procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ইত্যাদি সকল কার্যক্রম গ্রহণ করা হবে।








০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখার লক্ষ্যে বিদ্যমান ল্যাবরেটরির জন্য বিভিন্ন ধরনের machineries, apparatus & accessories সমূহ ক্রয়ের নিমিত্তে "Procurement of laboratory items for Dasherakandi STP" শীর্ষক কাজটি e-GP প্রক্রিয়ায় PPR-2008 এর ধারা ৬১ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) -তে CPTU এর Standard Tender Document (STD) এর e-PG2 অনুসরণে সম্পাদনের নিমিত্তে মোট ২৪,৯৫,৯৭৫.০০ (চব্বিশ লক্ষ পঁচানব্বই হাজার নয়শত পঁচাত্তর) টাকার আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে।


সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।



30.04.2025
মোঃ ইমাম হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।



30.04.2025
মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।



30/04/2025
মোঃ আমিনুল হক
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


30.04.2025


30.04.2025
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


30.04.2025
মোঃ আব্দুস সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা